

তারিখ 17 MAY 1987
পৃষ্ঠা ... ১ কসাই ...

২০ টেক্স ১৩৭৩

167

উপজেলা পারক্রমা চৌহালী

পাবনা, ১৬ মে (সংবাদদাতা)।—
চারিদিকে নদীর প্রমত্তা যমুনার ভাগনে
প্রতিবছর উপজেলার একপাড় ভাঙ্গে
আর এক পাড় গড়ে। সিরাজগঞ্জ জেলার
২৭ কিলোমিটার দক্ষিণে এই উপজেলা
অবস্থিত। এই অবাঞ্ছিত উপজেলার
উভয়ে যমুনা, দক্ষিণে যমুনা, পূর্বে
টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলা এবং
পশ্চিমে যমুনা নদী ও বেলকুচি
উপজেলা। এই উপজেলার আয়তন ১৪
বর্গমাইল, লোক সংখ্যা ১,০৭,১৪৯ জন।
মোট পরিবারের সংখ্যা ১৮,০৯০;
জনসংখ্যার ঘনত্ব প্রতিমাইলে ৫৪৯২
তাগ। ইউনিয়ন পরিষদ ৫, মৌজার
সংখ্যা ১৫২টি।

কৃষি ব্যবস্থা

নদীর ভাঙ্গন এই উপজেলার কৃষি
ব্যবস্থাকে উম্ময়নে প্রতিবন্ধকতা সৃষ্টি
করেছে। এখানে মোট জমির পরিমাণ
৩৪,৫২২ একর। আবাদী ৬০,১৬০
একর, আবাদযোগ্য পতিত জমি ২,৬৩৫

একর।

শিক্ষা
উপজেলায় মোট প্রাইমারী স্কুলের সংখ্যা
৭৭টি, জুনিয়র হাই স্কুল ২টি, হাই স্কুল
৮টি, কলেজ ১টি ও মাদ্রাসা ১২টি।
উপজেলার একমাত্র কলেজটি বিভিন্ন
সমস্যায় জর্জরিত।

স্বাস্থ্য

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যতীত এখানে
আর কোন গণচিকিৎসা কেন্দ্র নেই।
উপজেলায় মাঝেমধ্যে কলেরা ও
ডাইরিয়ার অনেক লোক মৃত্যুবরণ
করেন।

যোগাযোগ

এখানে কোন পাকা রাস্তা বা আধাপাকা
রাস্তা নেই। এখানে ৩০ মাইল কাঁচা রাস্তা
আছে। ৩টি লঘ স্টেশন ছাড়া আর কোন
যোগাযোগ ব্যবস্থা এখানে নেই। ফলে
উপজেলার জনসাধারণকে পোহাতে হয়
চরম দুর্ভোগ।